# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৬৩টি প্রতিষ্ঠানকে ১.৯২ লক্ষ টাকা জরিমানা

**১৫ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৬ জন কর্মকর্তার নেতৃত্বে মুন্সীগঞ্জ, নেত্রকোণা, টাঙ্গাইল, শরীয়তপুর, ফরিদপুর, নড়াইল, সুনামগঞ্জ, পাবনা, কুষ্টিয়া, বরগুনা, ঝালকাঠি, সিলেট, পিরোজপুর, বাগেরহাট, হবিগঞ্জ ও ভোলায় আজ বাজার তদারকি করা হয়।

মুন্সিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার কেন্দুয়া উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের ধানবাড়ী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৪৬,৫০০/- (ছিচল্লিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথবে বিক্রয় বা সরবরাহ না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলায় **১০টি** প্রতিষ্ঠানকে **১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনার বেতাগী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,২০০/- (এক হাজার দুইশত)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের নাজিরপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের মংলা উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৩৫,৫০০/- (পয়ত্রিশ হাজার পাঁচশত)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার লালমোহন উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **১,২৫,২০০/- (এক লক্ষ পঁচিশ হাজার দুইশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বুখারা রেস্টুরেন্ট ও রহিম আফরোজ সুপার স্টোর লিঃ (আগোরা) কে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে তামান্না ফার্মেসীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বাদ তেহারী ঘর ও FOYOT কে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে শান্তনা সার্জিক্যাল এন্ড মেডিক্যালকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৬টি** বাজার তদারকি ও **৬টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৩টি** প্রতিষ্ঠানকে মোট **১,৯২,৭০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৬ জন** অভিযোগকারীকে মং **৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, সিভিল সার্জনের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(ইফতেখারুল আলম রিজভী)
সহকারী পরিচালক (প্রশাসন)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ, নেত্রকোণা, টাঙ্গাইল, শরীয়তপুর, ফরিদপুর, নড়াইল, সুনামগঞ্জ, পাবনা, কুষ্টিয়া, বরগুনা, ঝালকাঠি, সিলেট, পিরোজপুর, বাগেরহাট, হবিগঞ্জ ও ভোলা।
৭। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ, নেত্রকোণা, টাঙ্গাইল, শরীয়তপুর, ফরিদপুর, নড়াইল, সুনামগঞ্জ, পাবনা, কুষ্টিয়া, বরগুনা, ঝালকাঠি, সিলেট, পিরোজপুর, বাগেরহাট, হবিগঞ্জ ও ভোলা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।